



স্মারক নম্বর: ৩১.৪৩.৬৪০০.১০৬.০২.০৪১.২৪(অংশ-২), ১৯/১২

তারিখ: ০৬ আশ্বিন ১৪৩৩
২৭ সেপ্টেম্বর ২০২৬

সরকারি ফলবাগান ইজারা বিজ্ঞপ্তি

নওগাঁ জেলার নিম্ন তফসিল বর্ণিত সরকারি ফলবাগানসমূহ “ফলবাগান ইজারা নীতিমালা-২০১৪” এর নির্দেশনা মোতাবেক বাংলা ১৪৩৩ সনের ০১ কার্তিক হতে ১৪৩৬ সনের ৩০ আশ্বিন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারার জন্য ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র/আবেদন আহবান করা যাচ্ছে। দরপত্র দাখিলের নিয়মাবলী সম্বলিত সিডিউল ও আবেদন ফরম বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী; জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁর রাজস্ব শাখায় এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে নিম্নলিখিত তারিখ ও সময়সূচী অনুযায়ী অফিস চলাকালীন সময়ে নির্ধারিত নগদ মূল্যে (অফেরৎযোগ্য) ক্রয় করা যাবে। জেলা প্রশাসকের কার্যালয় (রাজস্ব শাখা), নওগাঁ এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে নির্ধারিত তারিখ ও সময়ে দরপত্র দাখিল করা যাবে। দরপত্র গ্রহণ/দাখিলের দিনে কোনো দরপত্র ফরম ও সিডিউল বিক্রয় করা হবে না। দাখিলকৃত দরপত্র দরপত্রদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। ইজারার শর্তাবলী জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ এর রাজস্ব শাখা হতে জানা যাবে এবং সিডিউলের সাথে সংযুক্ত থাকবে।

ইজারায়োগ্য ফলবাগানসমূহের তালিকা:-

ক্র. নং	উপজেলার নাম	সায়রাত মহাল/ ফল বাগানের নাম	মৌজা	খতিয়া ন নং	দাগ নং	পরিমাণ (একরে)	ফল বাগানে মোট গাছের সংখ্যা	বাংলা ১৪৩৩ সনের ০১ কার্তিক হতে ১৪৩৬ সনের ৩০ আশ্বিন পর্যন্ত ৩ বছর মেয়াদে সম্ভাব্য সরকারি ইজারামূল্য	সিডিউল মূল্য
০১.	মহাদেবপুর	সরস্বতীপুর আমবাগান	সরস্বতীপুর	০১	৩৩৫	২.০৫	২০টি	১৩,৭৫০/-	৫০০/- (পাঁচশত) টাকা।
০২.	পোরশা	হলাই হলাই আমবাগান	হলাই হলাই	০১	৩,৪,৬,৯	১.৩৪	২০টি	৩২,৭৮০/-	
০৩.		নিফিনপুর আমবাগান	নিফিনপুর	০১	৩৯২	২.৭৪	২৮টি	২৩,৫৯৫/-	
০৪.		ঘাটনগর শাহপাড়া আমবাগান	ঘাটনগর	০১	৭৯১	০.৮৭	১৬টি	৪,৩৫৬/-	
০৫.		কুজাপুর আমবাগান	ঘাটনগর	০১	৪০৫	৪.৫৫	৪২১	৬৬,১১০/-	
০৬.	মান্দা	সাবাই হাটের তৈতুল বাগান	চক সাবাই	০১	১৭০	৩.৮৮	০৩টি	৯,৭৯০/-	
০৭.		নারায়নপুর হাটের তৈতুল বাগান	নারায়নপুর	০১	১৩১৪	২.৫৮	০১টি	৩,৯৬০/-	
০৮.		হাটখোলা ও রাস্তা সংলগ্ন আমবাগান	কসবামান্দা	০১	২৫৬,২৮২, ২৮৩,২৬৩, ২৯৩,২৭৬	২.২৯	২০টি	২২,১১০/-	

দরপত্রের সিডিউল ক্রয়/বিক্রয়, দরপত্র দাখিল এবং খোলার তারিখ ও সময়সূচী

বার	সিডিউল ক্রয়/বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র গ্রহণ/দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
১ম	১১/১০/২০২৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়	১২/১০/২০২৬ তারিখ, দুপুর ১.০০ টা পর্যন্ত	১২/১০/২০২৬ তারিখ, বিকাল ৪.০০ টায়
২য়	১২/১০/২০২৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়	১৩/১০/২০২৬ তারিখ, দুপুর ১.০০ টা পর্যন্ত	১৩/১০/২০২৬ তারিখ, বেলা ৪.০০ টায়
৩য়	১৩/১০/২০২৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়	১৪/১০/২০২৬ তারিখ, দুপুর ১.০০ টা পর্যন্ত	১৪/১০/২০২৬ তারিখ, বেলা ৪.০০ টায়


মোহাম্মদ সাইফুল ইসলাম

জেলা প্রশাসক

নওগাঁ

ও


সভাপতি

জেলা ফলবাগান ইজারা ও ব্যবস্থাপনা কমিটি, নওগাঁ



শর্তাবলী:

- (১) “ফলবাগান ইজারা নীতিমালা-২০১৪” অনুযায়ী যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের অনুকূলে ইজারা প্রদান করা হবে।
- (২) এ ইজারার মেয়াদ বাংলা ১৪৩৩ সনের ১ কার্তিক হতে শুরু হয়ে ১৪৩৬ সনের ৩০ আশ্বিন পর্যন্ত বলবৎ থাকবে।
- (৩) ইজারা বিজ্ঞপ্তির ১ম পর্যায়ে কোনো ফলবাগানের সম্ভাব্য ইজারামূল্য পাওয়া গেলে পরবর্তী পর্যায়ে উক্ত ফলবাগানের আর দরপত্র দাখিল করা যাবে না। কোনো পর্যায়ে সম্ভাব্য ইজারামূল্য পাওয়া না গেলে পর্যায়ক্রমে দরপত্র দাখিল করা যাবে। যে পর্যায়ে দরপত্র দাখিল করা হবে তার পূর্বের পর্যায়ে ক্রয়কৃত সিডিউল দ্বারা দরপত্র দাখিল করা যাবে না।
- (৪) ইজারা বিজ্ঞপ্তির নির্ধারিত তারিখে কোনো কারণে যদি সরকারি ছুটি ঘোষিত হয়, তবে ছুটি পরবর্তী কর্মদিবস হতে দরপত্র বিক্রি বা দরপত্র গ্রহণের তারিখ ও সময়সূচী প্রযোজ্য হবে।
- (৫) দরপত্রের সাথে উদ্ধৃত দরের ২৫% হারে অর্থ জামানত হিসেবে জেলা প্রশাসক, নওগাঁর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে দরপত্রের সাথে জমা দিতে হবে যা ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে। প্রত্যেক দরদাতাকে দরপত্রের সাথে ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ফটো সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের নিকট হতে সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।
- (৬) জেলা ফলবাগান ইজারা ও ব্যবস্থাপনা কমিটি কর্তৃক দরপত্র অনুমোদন হওয়ার ১৫ (পনের) দিনের মধ্যে শর্তাবলীর ক্রমিক নং ২ এ বর্ণিত সময়সূচী অনুযায়ী ০৩ (তিন) বছর মেয়াদী সমুদয় ইজারামূল্য/সমুদয় উদ্ধৃত দরসহ উহার উপর সরকার কর্তৃক নির্ধারিত ১৫% ভ্যাট ও ১০% আয়কর সরকারের অনুকূলে একযোগে পরিশোধ করতে হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।
- (৭) ইজারা গ্রহীতা নির্ধারিত তারিখের মধ্যে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে দরপত্র বাতিলসহ জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করে সরকারি কোষাগারে জমা প্রদান করা হবে এবং উক্ত ফলবাগানটি পুনঃ ইজারা প্রদান করা হবে।
- (৮) দরপত্রে গৃহীত ইজারামূল্য ০৩ (তিন) বছর অপরিবর্তিত থাকবে। নির্ধারিত তারিখের মধ্যে ফলবাগানগুলো সরেজমিন পরিদর্শন করে প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে দরপত্র দাখিল করতে হবে। উক্ত বিষয়ে পরবর্তীতে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- (৯) ইজারা প্রদত্ত ফলবাগানের সম্পূর্ণ অর্থ একযোগে পরিশোধ করার পর ইজারা গ্রহীতাকে নিজ দায়িত্বে ভোটার আইডি কার্ডের সত্যায়িত কপি সহ ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষের সাথে চুক্তিনামা সম্পাদন অস্ত্রে সংশ্লিষ্ট উপজেলা ডুমি অফিস/ ইউনিয়ন ডুমি অফিস হতে আনুষ্ঠানিকভাবে ফলবাগানের দখল গ্রহণ করতে হবে।
- (১০) ইজারা গ্রহীতা ইজারাকৃত ফলবাগানের কোনরূপ ক্ষতিসাধন করলে অথবা চুক্তিপত্রের শর্ত ভঙ্গ করলে জেলা ফলবাগান ইজারা ও ব্যবস্থাপনা কমিটি ইজারা বাতিলসহ যুক্তিসংগত ক্ষতিপূরণ আদায় করতে পারবে।
- (১১) ইজারা গ্রহীতা কর্তৃক কোন ক্রমেই ইজারা প্রাপ্ত ফলবাগানের সম্পূর্ণ বা আংশিক কাহারও নিকট হস্তান্তর বা সাব-লিজ প্রদান করা যাবে না। অনুরূপ অভিযোগ প্রমাণিত হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং জামানতসহ জমাকৃত অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ঐ ইজারা গ্রহীতা পরবর্তী ০৩ (তিন) বছর ফলবাগান ইজারা সংক্রান্ত কোনো দরপত্রে অংশ গ্রহণ করতে পারবে না।
- (১২) জেলা প্রশাসকের আদেশের বিরুদ্ধে সংস্কৃৎ কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান ইজারা সংক্রান্ত অনিয়মের বিষয়ে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের নিকট অনধিক ১৫ দিনের মধ্যে আপীল দায়ের করতে পারবেন।
- (১৩) দরপত্র গৃহীত হলে দরপত্র দাতাকে ইজারামূল্যের উপর ১৫% ভ্যাট (০১-১১৩৩-০০২০-০৩১১ নং কোডে) এবং ১০% আয়কর (০১-১১৪১-০০৬০-০১১১ নং কোডে) চালানের মাধ্যমে জমা দিয়ে চালানের মূল কপি দাখিল করতে হবে।
- (১৪) ফলবাগান ইজারার ক্ষেত্রে সরকারি কোনো নীতিমালা বা আদেশ পুনঃ জারী হলে তা ইজারাদারের জন্য মেনে চলা বাধ্যতামূলক।
- (১৫) ইজারা প্রদান বিলম্বের দরুন ইজারা অর্থ আংশিক বা হারাহারিভাবে প্রদেয় হবে না। প্রদত্ত দরপত্রের খামে ফলবাগানের নাম ও ক্রমিক নং উল্লেখ করতে হবে।
- (১৬) দরপত্র জেলা প্রশাসক, নওগাঁ বরাবর দাখিল করতে হবে।
- (১৭) বাগানে ফল উৎপাদনের ক্ষেত্রে বিদ্যমান আইন এবং সময় সময় জারীকৃত সরকারি বিধি বিধান অনুসরণ করা ইজারাদারের জন্য বাধ্যতামূলক।
- (১৮) বিধি মোতাবেক যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


মোহাম্মদ সাইফুল ইসলাম

জেলা প্রশাসক

নওগাঁ

ও

সভাপতি

জেলা ফলবাগান ইজারা ও ব্যবস্থাপনা কমিটি, নওগাঁ

স্মারক নম্বর: ৩১.৪৩.৬৪০০.১০৬.০২.০৪১.২৪- ১০৭২

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও ব্যাপক প্রচারের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। সিনিয়র সচিব, ডুমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। চেয়ারম্যান, ডুমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

০৪। পুলিশ সুপার, নওগাঁ।

০৫। সিভিল সার্জন, নওগাঁ।

তারিখ: ০৮ আশ্বিন ১৪৩৩
২৬ সেপ্টেম্বর ২০২৬

- ০৬। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নওগাঁ।
- ০৭। প্রশাসক, নওগাঁ পৌরসভা, নওগাঁ।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার, ... (সকল), নওগাঁ। (তাকে বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে এবং উপজেলা প্রশাসনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৯। সহকারী কমিশনার (ভূমি), ... (সকল), নওগাঁ। (বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙিয়ে এবং বড় বড় হাট বাজারে ঢোল-সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ১০। জেলা সমবায় অফিসার, নওগাঁ।
- ১১। জেলা তথ্য অফিসার, নওগাঁ।
- ১২। উপজেলা মৎস্য অফিসার, ... (সকল), নওগাঁ।
- ১৩। উপজেলা সমবায় অফিসার, ... (সকল), নওগাঁ।
- ১৪। উপজেলা সমাজসেবা অফিসার, ... (সকল), নওগাঁ।
- ১৫। সাব-রেজিষ্টার, ... (সকল), নওগাঁ।
- ১৬। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ। (তাকে বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসন, নওগাঁর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১৭। চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ, ডাকঘর....., উপজেলা
.....জেলা- নওগাঁ (বিজ্ঞপ্তিটি তাঁর ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে টাঙিয়ে বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ১৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ... ইউনিয়ন ভূমি অফিস, ডাকঘর
.....উপজেলা, জেলা- নওগাঁ (বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙিয়ে
এবং বড় বড় হাট বাজারে ঢোল-সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ১৯। নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ।



মোঃ তৌফিক আজিজ
রেভিনিউ ডেপুটি কালেক্টর
নওগাঁ।

